তারিখ 11 FEB 1992
পৃষ্ঠা ১ কলাম ১

দৈনিক খবর

# ক্যাম্পাসে ছাত্র পুলিশ সংঘর্ষ
# গাড়ী ভাঙচুর কাঁদানে গ্যাস

।।স্টাফরিপোর্টার।।

প্রায় দেড় ঘণ্টা স্থায়ী ছাত্র–পুলিশ সংঘর্ষের এক পর্যায়ে গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও হাইকোর্টের সামনে বিক্ষুব্ধ ছাত্রদের ছত্রভঙ্গ করার জন্যে পুলিশ কমপক্ষে ১৫ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এদিকে বিক্ষুব্ধ ছাত্ররা হাইকোর্ট, প্রেসক্লাব ও ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় কমপক্ষে ২০টি গাড়ী ভাঙচুর ও একটিতে অগ্নি সংযোগ করেছে।

দুপুর সাড়ে ১২টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে মুরাদ হত্যার প্রতিবাদে এবং হত্যাকারীদের গ্রেফতারের দাবীতে ছাত্রলীগ (না–শ) একটি বিক্ষোভ মিছিল বের করে এবং সচিবালয়ের সামনে পুলিশের বাধার মুখে তারা সমাবেশের আয়োজন করে। সমাবেশের পরে আবু হাসান মুরাদ হত্যাকারীদের বিচারের দাবীতে একটি বিক্ষোভ মিছিল প্রেসক্লাব থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দিকে আসার সময় হাইকোর্টের সামনে তিনটি গাড়ী ভাঙচুর করে। এর মধ্যে একটি বিআরটিসি বাস, একটি মাইক্রোবাস ও অন্যটি একটি প্রাইভেটকার।

এ সময় পুলিশ বিক্ষুব্ধ ছাত্রদের ধাওয়া করলে তারা কার্জন হলের সামনে এসে আরো পাঁচটি গাড়ীর গ্লাস ভাঙচুর করে এবং পুলিশের দিকে ইট–পাটকেল ছুঁড়তে থাকে। পুলিশ এ সময় ছাত্রদের দিকে পাল্টা ইট–পাটকেল ও টিয়ার

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## ক্যাম্পাসে ছাত্র–পুলিশ

প্রথম পৃষ্ঠার পর

গ্যাস নিক্ষেপ করে। কার্জন হলের সামনে পুলিশ কমপক্ষে সাত রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করেছে। বেলা পৌনে দু'টোর দিকে ছাত্রদের মিছিলটি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের সামনের রাস্তা দিয়ে মিছিল নিয়ে আসার সময় মিছিলকারীরা আরো তিনটি গাড়ী ভাঙচুর করে এবং আবারও পুলিশ তাদেরকে ধাওয়া করলে শামসুন্নাহার হলের সামনে এসে পুলিশের দিকে ইট–পাটকেল নিক্ষেপ করতে থাকে। পুলিশ বিক্ষুব্ধ ছাত্রদের ছত্রভঙ্গ করার জন্যে আরো ৫/৬ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। মিছিলকারী ছাত্ররা টিয়ার গ্যাস উপেক্ষা করে তিন–চারটি গ্রুপে বিভক্ত হয়ে পুলিশের সাথে ইট–পাটকেল নিক্ষেপ করতে থাকে। টিএসসি'র সামনে প্রায় পনের মিনিট সংঘর্ষ চলার এক পর্যায়ে পুলিশ শাহবাগের দিকে হটে যেতেথাকে।

কাঁদানে গ্যাস নিক্ষেপের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী, টিএসসি, কার্জন হল এলাকার ছাত্র–ছাত্রীরা চোখে ভেজানো রুমাল দিয়ে নিরাপদ স্থানে যেতে বাধ্য হয়। বিক্ষুব্ধ ছাত্রদের ইট–পাটকেল নিপেক্ষের ফলে যে গাড়ীগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলোর মধ্যে ঢাকা মেট্রো জ–৪৭৮২, ঢাকা গু–২২১৯, ঢাকা চ–৫০৫৯, ঢাকা ভ–৩০১৯, ঢাকা ত–৩২৭৯, চট্টগ্রাম ব–৩০৫৭ উল্লেখযোগ্য।

পুলিশী নির্যাতনের বিরুদ্ধে আজ মঙ্গলবার ছাত্রলীগ (না–শ) সারাদেশে বিক্ষোভ সমাবেশের আয়োজন করবে।